# ২০২২
# বাংলা
## (অনার্স)
### (সি বি সি এস পদ্ধতি অনুযায়ী নতুন পাঠক্রম)
### পঞ্চম সেমেস্টার
### কোর্স কোড : BNGH-CC-T-12
### (বাংলা রঙ্গমঞ্চ ও নাটক)

পূর্ণমান : ৬০ সময় : ২$\frac{১}{২}$ ঘণ্টা

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যা প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় হওয়া বাঞ্ছনীয়।

১। যে-কোনো **দশটি** প্রশ্নের উত্তর দাও : ২×১০=২০

ক) ‘অচলায়তন’ কোন্ শ্রেণির নাটক? এই ধরনের আরও দুটি নাটকের নাম করো।

খ) কমেডির দুটি বৈশিষ্ট্য লেখো।

গ) ট্রাজেডি শব্দের উৎস কী?

ঘ) বেঙ্গলী থিয়েটারের প্রতিষ্ঠাতার নাম করো। কত সালে কোন্ নাটক দিয়ে এই থিয়েটারের কাজ শুরু হয়?

ঙ) পৌরাণিক নাটকের দুটি বৈশিষ্ট্য লেখো।

চ) ‘সধবার একাদশী’ নাটকের রচয়িতার নাম ও রচনাকাল লেখো।

[পরপৃষ্ঠায়]

ছ) বাংলা নাটকের ইতিহাসে বাগবাজার অ্যামেচার থিয়েটারের দুটি অবদান লেখো।

জ) একাঙ্ক নাটকের সংজ্ঞা লেখো।

ঝ) 'সধবার একাদশী' নাটকের দুটি নারী চরিত্রের নাম করো।

ঞ) 'সভ্যতার সহিত বিদ্যাভাবের উদ্বাহ হওয়ার ফলেই এই বিড়ম্বনা' — উক্তিটির অর্থ লেখো।

ট) "বড়মান্ষের বাড়ী যাওয়াও যে, কামরূপ কামিক্ষে যাওয়াও সে" — অর্থ লেখো।

ঠ) "বিষস্য বিষমৌষধং" — প্রবাদ বাক্যটির অর্থ লেখো।

ড) "মাহাত্মাকে একবার সহায় কল্যেম, যে মাহাত্মার অনুকূলতায় জাতিভেদ উঠিয়ে দিলাম"— অর্থ লেখো।

ঢ) 'অচলায়তন' নাটকে একজট দেবীর সাথে কোথায় দেখা হল? তাকে পরে দেখে কী মনে হয়েছিল?

ণ) 'অচলায়তন' নাটকে পঞ্চকের কণ্ঠে ব্যবহৃত যে কোনো একটি গানের প্রথম লাইনটি লেখো।

২। যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

ক) ট্রাজেডি ও কমেডির পার্থক্যগুলি লেখো।

খ) ঐতিহাসিক নাটকের বৈশিষ্ট্যগুলি পর্যালোচনা করো।

গ) বাংলা থিয়েটারে বেলগাছিয়া নাট্যশালার অবদান লেখো।

ঘ) 'অচলায়তন' নাটকে দাদাঠাকুর চরিত্রটি আলোচনা করো।

ঙ) 'সধবার একাদশী' নাটকে অটলবিহারী চরিত্রটি সংক্ষেপে আলোচনা করো।

চ) টীকা লেখো — জোড়াসাঁকো নাট্যশালা।



৩। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

ক) 'সধবার একাদশী' নাটকটি কি উদ্দেশ্যমূলক নাটক? তোমার বক্তব্যের সপক্ষে যুক্তি দাও।

খ) প্রহসনের সংজ্ঞা দাও। প্রহসনের বৈশিষ্ট্যগুলি চিহ্নিত করে বাংলা সাহিত্যের কয়েকজন প্রহসন রচয়িতার নাম উল্লেখ করো। ২+৬+২=১০

গ) 'অচলায়তন' নাটকের নামকরণের সার্থকতার দিকটি তুলে ধরো।

ঘ) বাংলা থিয়েটারে ন্যাশনাল থিয়েটারের প্রতিষ্ঠা, তার কার্যকলাপ ও অবদান (প্রথম পর্ব) আলোচনা করো।

------------